



কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

জানুয়ারি-জুন/২০১৮ সেমিস্টারে MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (Institute of Agribusiness and Development Studies)-এ জানুয়ারি-জুন/২০১৮ সেমিস্টারে পূর্ণকালীন MBA in Agribusiness কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো :

ডিগ্রী: MBA in Agribusiness
সময়কালঃ দুই বছর (ইন্টানশীপ/থিসিস সেমিস্টার সহ চার সেমিস্টার)
ক্রেডিট: ৬৪

শিক্ষাগত যোগ্যতা :

১. প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে (ভেটেরিনারি, কৃষি, পশুপালন, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল, ফুড টেকনোলোজি এবং মাৎস্যবিজ্ঞান) ৪ (চার) বৎসরের গ্র্যাজুয়েশন ডিগ্রী থাকতে হবে।
২. ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে সিজিপিএ ৪.০ এর মধ্যে ন্যূনতম ২.৫ অথবা ৫.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ থাকতে হবে। পুরাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।

অন্যান্য তথ্যাদিঃ

১. পূর্বলী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র আগামী ০৩ ডিসেম্বর ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (IADS) অফিসে জমা দিতে হবে।
২. আবেদনপত্রের সাথে সত্যায়িত সকল পরীক্ষার সার্টিফিকেট, মার্কশিট এবং ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযোজন করতে হবে। সদ্য অনার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রভিশনাল সার্টিফিকেট গ্রহণযোগ্য।
৩. ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।
৪. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।
৫. চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে “অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য চার সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে”- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
৬. অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট সংযোজন করতে হবে।
৭. ভর্তি পরীক্ষার ফলাফল IADS-এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (www.bau.edu.bd/dept/iads)-এ প্রকাশ করা হবে।
৮. বিস্তারিত নিয়মাবলী ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি IADS-অফিস থেকে সংগ্রহ করতে হবে।
(প্রয়োজনে: 01723-94 77 55, 01913-20 97 72)।
৯. অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গুরুত্বপূর্ণ তারিখ :

আবেদনপত্র সংগ্রহ ও জমাদান	০৩ ডিসেম্বর ২০১৭ - ৩১ ডিসেম্বর ২০১৭
ভর্তি পরীক্ষা	০৮ জানুয়ারি ২০১৮
ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১১ জানুয়ারি ২০১৮
ভর্তির তারিখ	১৪ জানুয়ারি ২০১৮ - ১৮ জানুয়ারি ২০১৮
ক্লাস শুরু	২১ জানুয়ারি ২০১৮

স্বা/-
পরিচালক, IADS